গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট- এর কার্যালয়**

**টাঙ্গাইল।**

tangail.judiciary.org.bd

**বিষয় ঃ** **এজাহার ও নালিশী মামলার দরখাস্তে (Petition of complaint) আসামীর জন্য অবমাননাকর ডাক নাম/ছদ্মনাম (Nick name) ব্যবহার না করার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা প্রতিপালন সংক্রান্ত।**

সূত্র ঃ মহামান্য হাইকোর্ট বিভাগের Criminal Miscellaneous Case No.11261/2017এর 11-4-2017 এবং Criminal Miscellaneous Case No.34114/2018 এর 12-8-2018 তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে,

১। বাংলাদেশ সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট বিভাগ সূত্রোক্ত Criminal Miscellaneous Case শুনানী কালে উল্লিখিত তারিখের আদেশ দ্বারা নালিশী মোকদ্দমার দরখাস্তে (Petition of complaint) কোন আসামীর পরিবার কর্তৃক প্রদত্ত নাম ব্যতিত আসামীর ডাক/ছদ্মনাম (Nick name) ব্যবহার না করার জন্য নির্দেশনা প্রদান করেছেন।

২। নালিশী মোকদ্দমার দরখাস্তে (Petition of complaint) আসামীর পরিবার প্রদত্ত নাম ব্যতিত তার ডাক/ছদ্মনাম (Nick name) ব্যবহার করা হলে উহা আসামীকে অবজ্ঞা করা এবং সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করার শামিল মর্মে মহামান্য হাইকোর্ট বিভাগ মতামত প্রদান করেছেন।

৩। উল্লিখিত কারনে নালিশী (সি.আর) মোকদ্দমার দরখাস্তে (Petition of complaint) ও (জি.আর) মামলার এজাহারে, অভিযোগপত্রে কোন আসামীর পরিবার কর্তৃক প্রদত্ত নাম ব্যতিত আসামীর ডাক/ছদ্মনাম (Nick name) ব্যবহার না করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা গেল।

৪। মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক নালিশী মোকদ্দমার দরখাস্তে (Petition of complaint) কোন আসামীর পরিবার কর্তৃক প্রদত্ত নাম ব্যতিত অবমাননাকর কিংবা আসামীকে সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করে এমন ডাক/ছদ্মনাম (Nick name) ব্যবহার করা হলে উক্ত নালিশী মোকদ্দমা গ্রহণ না করার জন্য সংশ্লিষ্ট ম্যাজিস্ট্রেটদেরকে নির্দেশ প্রদান করা গেল।

৫। উল্লিখিত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা থাকায় বিষয়টি জরুরী বিবেচনায় সংশ্লিষ্ট সকলকে উহা প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা গেল।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্বারক নং-১০.০০.৯৩০০.০০১.০৪.০০৫.১৮ ৫২৯(৪৩)/৪২

তারিখ ঃ ২২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**সদয় অবগতির জন্যঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।**

০১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।

০২। সহকারী সচিব (ফৌজদারী শাখা), আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর অনুবিভাগ, ফৌজদারী শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

**অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

০৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।

০৪। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।

০৫। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ১ম/২য়/৩য়/৪র্থ আদালত, টাঙ্গাইল।

০৬। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।

০৭। বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবি সমিতি, টাঙ্গাইল।(বিষয়টি আইনজীবী সমিতির সকল সদস্যকে অবগত করানোর অনুরোধসহ)

০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা ----------------------------------------থানা, টাঙ্গাইল। (সকল)

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) ---------------------------- থানা, টাঙ্গাইল। (সকল)

১০। জনাব আবু সালেহ, কম্পিউটার অপারেটর, (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশনাসহ)।